

২০২১

বাংলা — সাম্মানিক

তৃতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) রাজনৈতিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করো। যে-কোনো একটি বাংলা রাজনৈতিক উপন্যাস অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ২+৪+৮
- অথবা,
- (খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো। ৭+৭
- (অ) মনস্তাত্ত্বিক উপন্যাস
(আ) ঐতিহাসিক উপন্যাস
(ই) ছোটগল্প
(ঈ) আঞ্চলিক উপন্যাস।
- ২। (ক) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে শৈবলিনীর মতো একটি সজীব নারীচরিত্র রূপায়ণে বঙ্কিমচন্দ্রের দক্ষতার পরিচয় দাও। ১৪
- অথবা,
- (খ) ‘চন্দ্রশেখর’ উপন্যাসে ‘উপক্রমণিকা’ অংশটির প্রয়োজন ছিল কি? মূল উপন্যাসের রসসৃষ্টিতে ‘উপক্রমণিকা’-র গুরুত্ব বিচার করো। ১৪
- ৩। (ক) “যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচারকর্তা— আমি অন্য বিচার মানি না। না হয় মরিব ক্ষতি কি?” — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে বক্তা এই উক্তি করেন? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা মৃত্যুর কথা ভেবেছেন? ১+১+২
- অথবা,
- (খ) “যদি জানেন, যে ইংরাজের বিরোধী হইবে, সেই হরিবে, তবে কেন তাহাদিগের সঙ্গে বিবাদ করিতে প্রস্তুত হইয়াছেন?” — কে, কার উদ্দেশ্যে এই উক্তিটি করেছিলেন? শ্রোতার উত্তরটির তাৎপর্য কী? ১+১+২
- ৪। (ক) ‘শ্রীকান্ত’ (প্রথম পর্ব) উপন্যাসের শ্রেণিবিচার করো। ১৪
- অথবা,
- (খ) “শ্রীকান্ত দার্শনিক নয়, দর্শকমাত্র” — আলোচনা করো। ১৪

Please Turn Over

- ৫। (ক) “মরতে একদিন ত হবেই ভাই” — কার উক্তি? এই উক্তিতে বঙ্গ চরিত্রের কোন বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে, দেখাও। ১+৩

অথবা,

- (খ) “কোন মিথ্যাবাদী প্রচার করিয়াছে— আলোরই রূপ, আঁধারের রূপ নাই?” — তাৎপর্য বিশ্লেষণ করো। ৪
- ৬। (ক) “তাকে মেয়ে করে গড়বার সময় বিধাতা তার মধ্যে পুরুষের একটা ভাগ মিশিয়ে দিয়েছেন” — লাভণ্য চরিত্র নির্মাণে এই ভাবনার প্রয়োগ কীভাবে কতটা ঘটেছে, তা ব্যাখ্যা করো। ১৫

অথবা,

- (খ) ‘শেষের কবিতা’ উপন্যাসে যোগমায়া চরিত্রের গুরুত্ব বিচার করো। ১৫

- ৭। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “আমার অপরাধী গাড়টাকে যদি ক্ষমা করেন, তবে আপনি যেখানে অনুমতি করবেন সেইখানেই পৌঁছিয়ে দিতে পারি।” — উক্তিটি কে, কার প্রতি করেছে? কোন প্রসঙ্গে এই উক্তি? ১+১+৩
- (খ) “সমস্ত শিলঙ পাহাড়ের শ্রী আজ চলে গেছে” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- (গ) “ঠিক নামটি হয়েছে, মিতালি।” — বঙ্গ কে? নামকরণটি কে, কার জন্য করলেন? ১+১+৩
- (ঘ) “এনামেল করা মুখের উপর দিয়ে দর্ দর্ করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।” — মুখটি কার? তাৎপর্য লেখো। ১+৪

- ৮। (ক) আঞ্চলিক উপন্যাস হিসেবে ‘হাঁসুলীবাঁকের উপকথা’ উপন্যাসের সার্থকতা বিচার করো। ১৫

অথবা,

- (খ) ‘হাঁসুলীবাঁকের উপকথা’-র কথক সুচাঁদ। — উপন্যাস অবলম্বনে সুচাঁদ চরিত্রটি আলোচনা করো। ১৫

- ৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

- (ক) “কলির শেষ, আমাদেরও শেষ” — বঙ্গ কে? সে কাকে কী প্রসঙ্গে একথা বলেছে? কেন বলেছে? ১+২+২
- (খ) “আবার বেজে উঠল শিস! ওই!” — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ৫
- (গ) “সঙ্গে সঙ্গে গাছের অন্ধকার তলাটা যেন গর্জন করে উঠল। মনে হল বাঘের মত কোন ভয়ানক জানোয়ার চীৎকার করে অন্ধকার থেকে বেরিয়ে আসছে। সে চীৎকারে করালী ও পাখি ভয়ে চমকে উঠল।” — কার চীৎকারে ভয় পেয়েছিল করালী আর পাখি? তারপর কী ঘটেছিল? ১+৪
- (ঘ) “কত্তা খাবে তো খাও, না খাবে তো খেয়ো না, যা মন চায় তাই কর। আমাদের হাঁস খাওয়া নিয়ে কথা, আমাদের বলিদান হয়ে গেল।” — কার উক্তি? কত্তা কে? বঙ্গের চরিত্রের দুটি লক্ষণ স্পষ্ট করো। ১+১+৩